

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৮৩.০১৫.০২.০০.০০৮.২০১২- ৬৪৮

তারিখঃ ৩১ জ্যৈষ্ঠ ১৪২৪
১৪ জুন, ২০১৭

বিষয়ঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন "সিলেট ও বরিশাল মহানগরীতে পানি সরবরাহ, স্যানিটেশন ও ড্রেনেজ" শীর্ষক সমাপ্ত প্রকল্পের ০২(দুই) জন জনবলসহ ২টি পদ রাজস্বখাতে স্থানান্তর প্রসঙ্গে।

সূত্র : জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.০০.০০০০.১৫৪.১৫.০৪৫-১৬-২৫১ তারিখ : ০১ সেপ্টেম্বর ২০১৬।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ০৩/০১/২০০৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় উন্নয়ন প্রকল্পের জনবলের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

“এখন থেকে যে সকল উন্নয়ন প্রকল্প অনুমোদিত হবে তাতে প্রকল্প চলাকালীন জনবলের চাহিদার পাশা-পাশি প্রকল্প সমাপ্তির পর জনবলের চাহিদাও একই পদ্ধতিতে পর্যালোচনা করে DPP-তে অন্তর্ভুক্ত করতে হবে। প্রকল্প সমাপ্তির পর জনবলের আবশ্যিকতা থাকলে তাদের প্রচলিত নিয়োগ বিধি এবং নিয়োগ বিধি না থাকলে তা প্রণয়ন করে উহা অনুসরণে নিয়োগ দিতে হবে। প্রকল্প সমাপ্তির পর সে সব জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্ব খাতে সৃজন ও স্থানান্তর হবে। সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগকে অবগত রেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এ কাজ করবে (সংযুক্তি-১)”।

একনেক সভার উক্ত সিদ্ধান্ত অনুযায়ী ১৯/০৯/২০১৩ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত "সিলেট ও বরিশাল মহানগরীতে পানি সরবরাহ, স্যানিটেশন ও ড্রেনেজ" শীর্ষক প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপিতে এ প্রকল্পের জনবল রাজস্বখাতে স্থানান্তরের বিষয়টি উল্লেখ করা হয় (সংযুক্তি-২)।

বর্ণিত অবস্থায় "সিলেট ও বরিশাল মহানগরীতে পানি সরবরাহ, স্যানিটেশন ও ড্রেনেজ" শীর্ষক সমাপ্ত প্রকল্পের নিম্নোক্ত ২(দুই) জন জনবল রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল :

নং	নাম, পদবী ও জন্ম তারিখ	বেতন গ্রেড/সাকুল্য বেতন	শিক্ষাগতযোগ্যতা	প্রকল্পে যোগদানের তারিখ
১	অনুপম আশিফা, উচ্চমান সহকারী জন্ম-০১/০১/১৯৮৩	গ্রেড-১১/সাকুল্যে-১২,৭৪০/-	স্নাতকোত্তর	১০/০৭/২০০৮
২	আরিফা সুলতানা, অফিস সহায়ক (এম.এল.এস.এস) জন্ম-১৩/০৩/১৯৭৯	গ্রেড-২০/ সাকুল্যে-৯,৭০০/-	অষ্টম শ্রেণী	০৯/০৭/২০০৮


শাহানারা খাতুন
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব(পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।